

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

www.nageshwari.kurigram.gov.bd

সভাপতি	নুর আহমেদ মাছুম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৬/০৫/২০২২ খ্রি.
সভার সময়	১১:৩০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তরকে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অধ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধান(সকল) ইউপি চেয়ারম্যান(সকল)
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	নাগেশ্বরী উপজেলায় আইসিটি অধিদপ্তর কর্তৃক ১ম পর্যায়ে বাস্তবায়িত মোট ৭ টি ল্যাবের প্রতিবেদন আগামী ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে এবং ২য় পর্যায়ে বাস্তবায়িত মোট ১২ টি ল্যাবের প্রতিবেদন আগামী ০২/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্প দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার,
০৩	সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা ও জনসচেতনতা তৈরী	সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের ক্ষেত্রে জনগনকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।	সংশ্লিষ্ট সকল
০৪	সাইবার নিরাপত্তা বিষয়ক	সাইবার অপরাধের বিস্তার রোধে করণীয় সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমের পাশাপাশি আইনের শক্ত প্রয়োগ এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেকের অনলাইন প্লাটফর্ম(মুক্তপাঠ) থেকে সাইবার নিরাপত্তা বিষয়ক কোর্স করা দরকার বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল

০৫	ই-নথি বাস্তবায়ন	যে সকল দপ্তরের ই-নথির লাইভ আইডি রয়েছে তাদের সকল চিঠি-পত্র ই-নথিতে করা দরকার বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়	সংশ্লিষ্ট সকল দপ্তর সহকারী প্রোগ্রামার
০৬	১ম ডিজিটাল শুমারী	আগামী ১৫/০৬/২০২২ খ্রি. তারিখ হতে ২১/০৬/২০২২ খ্রি. তারিখ সারাদেশে একযোগে ট্যাবের মাধ্যমে ১ম ডিজিটাল জনশুমারীর তথ্য সংগ্রহ করা হবে। কারিগরি সহযোগিতা প্রদানের ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নূর আহমেদ মাছুম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৯৬১.০০০.০৬.০০১.২২.১০

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯

২৬ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সভাপতি/সদস্য, ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
- ২) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩) মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
- ৭)সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি , নাগেশ্বরী, কুড়িগ্রাম।



মো: মাইদুল ইসলাম
সহকারী প্রোগ্রামার